# ইরানকে ঠেকাতে মার্কিনিদের বেশি খরচ করতে হবে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে চলমান সংঘাতের কারণে যুক্তরাষ্ট্রের নাগরিকদের জ্বালানির বাড়তি মূল্য গুনতে হতে পারে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একই সঙ্গে তেহরানকে 'খুব দুষ্ট' বলে মন্তব্য করে তিনি বলেন, ইরানকে পারমাণবিক অস্ত্র অর্জন থেকে ঠেকাতে প্রয়োজন হলে এই অতিরিক্ত ব্যয় মেনে নিতে হবে।

শুক্রবার (১৪ আগস্ট) নিউইয়র্কের গার্ডেন সিটিতে আয়োজিত এক রাজনৈতিক সমাবেশে ট্রাম্প এসব কথা বলেন। তিনি জানান, সংঘাতের প্রভাবে জ্বালানির দাম বাড়তে পারে। তবে বৃহত্তর নিরাপত্তার স্বার্থে যুক্তরাষ্ট্রকে এই বাড়তি ব্যয় বহন করতে হতে পারে।

এদিকে ইরান যুক্তরাষ্ট্রকে যুদ্ধের বাস্তবতা মেনে নিয়ে পরাজয় স্বীকার করার আহ্বান জানিয়েছে। শনিবার (১৫ আগস্ট) ভোরে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় ইরানের উপপররাষ্ট্রমন্ত্রী কাজেম ঘারিবাবাদি বলেন, হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ইরানের হাতেই থাকবে। যুক্তরাষ্ট্র পরাজয় মেনে না নেওয়া পর্যন্ত অবরোধ অব্যাহত রাখার কথাও জানান তিনি।

LENS ASIA

অন্যদিকে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন করে আলোচনা শুরুর বিষয়ে তেহরান এখনো কোনো সিদ্ধান্ত নেয়নি। এক সাক্ষাৎকারে তিনি বলেন, হরমুজ প্রণালিতে নৌযান চলাচল স্বাভাবিক করতে হলে ওয়াশিংটনকে নির্দিষ্ট কিছু শর্ত পূরণ করতে হবে।

এদিকে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শান্তি আলোচনা এখনো দৃশ্যমান অগ্রগতিতে পৌঁছায়নি। গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে তেলবাহী জাহাজ চলাচলও বন্ধ রয়েছে। যুদ্ধ শুরুর আগে বিশ্বের মোট তেল সরবরাহের প্রায় এক-পঞ্চমাংশ এই জলপথ দিয়ে পরিবহন করা হতো।

২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের শুরু করা সংঘাত অবসানের ক্ষেত্রেও এখন পর্যন্ত উল্লেখযোগ্য কোনো অগ্রগতির ইঙ্গিত পাওয়া যাচ্ছে না।